# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির বৈধ হলো জন্য যখন তিনি শেষ রাতে তাহাজ্জুদ সালাত আদায় করার আশা রাখেন, তখন বিতর সালাতকে শেষ রাত পর্যন্ত বিলম্বিত করা আর তাহাজ্জুদ সালাত আদায় করার আশা না থাকলে ঘুমানোর আগে বিতর পড়া

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ تَأْخِيرَ الْوِتْرِ إِلَى آخِرِ اللَّيْلِ إِذَا طَمِعَ فِي التَّهَجُّدِ وَتَعْجِيلَهُ قَبْلَ النَّوْمِ إِذَا كَانَ آيِسًا مِنْهُ

---

আরবী

2437 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ وَأَبُو يَعْلَى قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبَّادٍ الْمَكِّيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْمٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِأَبِي بَكْرٍ: (مَتَى تُوتِرُ؟ ) قَالَ: أُوتِرُ ثُمَّ أَنَامُ قَالَ: (بِالْحَزْمِ أَخَذْتَ) وَسَأَلَ عُمَرَ: (مَتَى تُوتِرُ؟ ) قَالَ: أَنَامُ ثُمَّ أَقُومُ مِنَ اللَّيْلِ فَأُوتِرُ قال: (فعل القوي أخذت)
الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2437 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1288)، ((الصحيحة)) (2596).

বাংলা

২৪৩৭. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেন, “আপনি কখন বিতর সালাত আদায় করেন?” তিনি জবাবে বলেন, “আমি বিতর পড়ে তারপর ঘুমাই।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আপনি সতর্কতা গ্রহণ করেছেন।” তারপর তিনি উমার রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেন, “আপনি কখন বিতর সালাত আদায় করেন?” তিনি জবাবে বলেন, “আমি ঘুমিয়ে যাই। তারপর রাতে উঠি অতঃপর বিতর সালাত আদায় করি।” তখন তিনি বলেন, “আপনি মজবূত আমল গ্রহণ করেছেন।”[1]

## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১/৩৭৯-৩৮০; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৮৫; হাকিম: ১/৩০১; সুনান বাইহাকী: ৩/৩৬; আবূ দাঊদ: ১৪৩৪; মুসনাদ আহমাদ: ৩/৩৩০; আত তায়ালিসী: ১৬৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91762

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন